গাংনীতে যৌথবাহিনীর অভিযানে বন্দুকের সিসা কার্তুজ উদ্ধার

মেহেরপুরে পরিত্যক্ত অবস্থায় বন্দুকের ৪ রাউন্ড সিসা কার্তুজ উদ্ধার করেছে র্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন(র্যাব-১২) ক্রাইম প্রিভেনশন কোম্পানী (সিপিসি-৩) মেহেরপুর ক্যাম্প ও যৌথবাহিনী।

আজ রবিবার (৩ নভেম্বর) ভোররাতের দিকে যৌথিাহিনীর উদ্যোগে এই অভিযান চালানো হয়।

র্যাব-১২, সিপিসি-৩ মেহেরপুর ক্যাম্প, মেহেরপুর আর্মি ক্যাম্প ও গাংনী থানা পুলিশ যৌথভাবে অভিযান চালান।

র্যাব-১২, মেহেরপুর সিপিসি-৩, কোম্পানি কমান্ডার অতিরিক্ত পুলিশ সুপার আশরাফউল্লাহ পিপিএম আজ দুপুরে সাংবাদিকদের প্রেস রিলিজ দিয়ে এই তথ্য নিশ্চিত করেন।

তিনি জানান, গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে গাংনী উপজেলার চরগোয়ালগ্রামের মোঃ সোহাগ সর্দারের বাড়ির নির্মানাধীন বাথরুমের বালির নিচে পলিথিনে মোড়ানো অবস্থায় এই সিসা কার্তুজ উদ্ধার করা হয়।

তিনি আরও বলেন, ওই বাড়িতে অবৈধ আগ্নেয়াস্ত্র আছে এমন গোপন সংবাদের ভিত্তিতে একটি যৌথ কমান্ডের আভিযানিক দল ওই বাড়িতে অভিযান চালায়। সোহাগ সর্দারকে প্রাথমিক জিজ্ঞাসাবাদে তাঁর কোন সংশ্লিষ্টতা না পাওয়ায় এবং তথ্য দাতার সংবাদ উদ্দেশ্য প্রনোদিত মনে হওয়ায় কার্তুজগুলো পরিত্যক্ত অবস্থায় উদ্ধার করা হয়েছে।

এছাড়া এই বিষয়ে আইনগত ব্যবস্থা প্রক্রিয়াধীন। উদ্ধারকৃত সিসা কার্তুজ জিডিমূলে গাংনী থানায় হস্তান্তর করা হয়েছে।

আলমডাঙ্গার ওসমানপুরে যৌথবাহিনীর অভিযানে ১ কেজি গাঁজাসহ ব্যবসায়ী গ্রেপ্তার

আলমডাঙ্গায় জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উদ্যোগে সেনাবাহিনীর যৌথ অস্ত্র ও মাদক উদ্ধার অভিযান চালিয়ে ১ কেজি গাঁজাসহ মতিয়ার রহমান বুদো নামের এক মাদক ব্যবসায়ীকে গ্রেপ্তার করেছে।

গতকাল শনিবার রাত ৭ টার দিকে উপজেলার হারদি ইউনিয়নের ওসমানপুর গ্রাম থেকে তাকে গ্রেপ্তার করা হয়। মতিয়ার রহমান বুদো (৫৭) একই গ্রামের মৃত ফকির চান মন্ডল।

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর সূত্রে জানা যায়, শনিবার রাতে উপজেলার ওসমানপুর গ্রামে মাদক ও অস্ত্র উদ্ধার অভিযান পরিচালনা করে সেনাবাহিনী ও জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর। এসময় গোপন সংবাদের ভিত্তিতে ওসমানপুর গ্রামে মাদক ব্যবসায়ী বুদোর বাড়িতে অভিযান চালানো হয়। এ সময় বুদোকে গ্রেপ্তার ও তার বসতঘর তল্লাশি করে ১ কেজি গাঁজা উদ্ধার করেন যৌথবাহিনীর সদস্যরা।

এ ঘটনায় চুয়াডাঙ্গা জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপ-পরিদর্শক ইয়াসমিন বাদী হয়ে শনিবার রাতে বুদোর বিরুদ্ধে আলমডাঙ্গা থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে একটি মামলা দায়ের করেন।

আলমডাঙ্গায় যৌথবাহিনীর অভিযানে রিভলভারসহ মোটরসাইকেল

আটক

আলমডাঙ্গা উপজেলা থেকে ১টি রিভলবারসহ রেজিস্ট্রেশন বিহীন মোটরসাইকেল এবং মোবাইল ফোন উদ্ধার করেছে যৌথ বাহিনী। গতকাল শুক্রবার রাতে উপজেলার কুমারী ইউনিয়নের কারিগর পাড়া এলাকা থেকে এসব উদ্ধার করা হয়।

চুয়াডাঙ্গা আর্মি ক্যাম্পের ক্যাম্প কমান্ডার লেঃ কর্ণেল মোহাঃ জয়নুল আবেদীন এক প্রেসবিজ্ঞপ্তির মাধ্যমে বিষয়টি নিশ্চিত করেন।

এতে বলা হয়, উপজেলার কুমারী ইউনিয়নের কারিগর পাড়ায় গোপন সংবাদের ভিত্তিতে বিশেষ অভিযান চালানো হয়। এসময় দুষ্কৃতিকারীরা ঘটনাস্থল থেকে পালিয়ে যায়। ঘটনাস্থলে তল্লাশি চালিয়ে একটি বিদেশি রিভলবার উদ্ধার করে। সেই সাথে একটি অনিবন্ধিত মোটরসাইকেল ও একটি মোবাইল ফোন জব্দ করা হয়।

অভিযানে কাউকে আটক করা সম্ভব হয়নি বলেও বিজ্ঞপ্তিতে জানান দায়িত্বরত ওই সেনাকর্মকর্তা। উদ্ধারকৃত মালামাল সামগ্রী আলমডাঙ্গা থানায় প্রেরণ করা হয়।

“দেড় ডর্জন মাদক মামলার আসামিসহ আটক ২, ফেনসিডিল উদ্ধার”

মেহেরপুরে গাংনীতে যৌথবাহিনীর অভিযানে দেড় ডর্জন মাদক মামলার আসামি আবুল কালামসহ ২ মাদক ব্যবসায়ী আটক ও ১০০ বোতল ভারতীয় ফেনসিডিল উদ্ধার হয়েছে।

আজ শুক্রবার (২০ সেপ্টেম্বর) সকাল ৮ টার দিকে মেহেরপুরের গাংনী উপজেলায় তেরাইল গ্রামের বাগানপাড়া এলাকায় এই অভিযান চালান যৌথবাহিনির একটি টিম।